গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.৩০৬১.০০১.০৫.০৫২.১৭- ১৮৮/৯

তারিখঃ ১০ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ।
২৪ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ।

প্রতি: মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
ঢাকা।

বিষয়: সহকারি পরিচালকের দপ্তর ময়মনসিংহ-এ একজন লিডার সংযুক্তি প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ বিভাগের আওতাধীন সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ এর অধীনস্থ ৩৬টি ফায়ার স্টেশনের কার্যক্রম চালু রয়েছে এবং প্রকল্পভূক্ত ০১টি ফায়ার স্টেশনে জনবল পদায়ন ও গাড়ী/পাম্প সরবরাহ করায় উক্ত স্টেশনগুলো চালুর অপেক্ষামান রয়েছে। উল্লেখিত ৩৭টি ফায়ার স্টেশনের দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য একজন উচ্চমান সহকারি কাম ক্যাশিয়ার ও একজন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক কর্মরত আছেন। সহকারী পরিচালকের দপ্তর ময়মনসিংহ এর দাপ্তরিক কার্যক্রম পূর্বের তূলনায় বহুলাংশে বৃদ্ধি পাওয়ায় সীমিত অফিস স্টাফ দ্বারা দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা খুবই কষ্টসাধ্য এবং অনেকক্ষেত্রে উর্ধ্বতন দপ্তরের চাহিদা মোতাবেক জরুরি পত্রের জবাব প্রদানে বিলম্বিত হয়। উক্ত দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নবর্ণিত লিডার সংযুক্তি প্রদান প্রয়োজন।

| ক্র: নং | নাম ও পিএন | পদবি | কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব সুজিত কুমার ঘোষ-৩১৬৯ | লিডার | মদন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নেত্রকোণা। | |

এমতাবস্থায়, দাপ্তরিক কাজের স্বার্থে উল্লেখিত কর্মচারীকে সহকারী পরিচালকের দপ্তর, ময়মনসিংহে সংযুক্তি প্রদানের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ সবিনয়ে প্রেরণ করা হল।

২৫/০১/২৩

মোঃ মতিয়ার রহমান
উপপরিচালক
ফোনঃ ০২৯৯৬৬৬৯০৮৮।

বিতরণ:

১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ।
২। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নেত্রকোণা।